উপজেলা পরিষদ
গজারিয়া, মুন্সীগঞ্জ।

# গজারিয়া উপজেলা পরিষদের আগষ্ট, ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি ঃ আমিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ।
সভার স্থান ঃ জুম এপস এর মাধ্যমে।
সভার তারিখ ও সময় ঃ ১২ আগষ্ট, ২০২১ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ হাজিরা রেজিষ্টার দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি উপজেলা পরিষদের মূখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান। সভায় আলোচ্যসূচি ও কার্যপত্র অনুযায়ী বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়।

| ক্র: নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | আলোচ্যসূচি-১ ঃ গত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ। উপজেলা নির্বাহী অফিসার জুলাই, ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকলে তিনি সভাকে কার্যবিবরণী দৃঢ়ীকরণের জন্য অনুরোধ করেন। | গজারিয়া উপজেলা পরিষদের জুলাই, ২০২১ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতভাবে দৃঢ়ীকরণ করা হয়। | - |
| ২ | আলোচ্যসূচি-২ ঃ বিগত সভার সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br>(ক) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় বলেন যে, ৪৬ তম শাহাদাৎ বার্ষিকীতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারে সকল শহীদদের প্রতি সমবেদনা ও শোক প্রকাশ করেন। গরীব ও মেধাবী শিক্ষার্থীদের কে উপবৃত্তি টাকা কবে নাগাদ দেওয়া হবে তার জন্য তারিখ নির্ধারণ করার অনুরোধ করেন। এ ব্যাপারে ০১ সপ্তাহ পূর্বে তাকে জানালে তিনি শিক্ষার্থীদের তালিকা প্রস্তুত করে রাখবেন বলে সভাকে অবগত করেন। তাছাড়া জুন/২১ মাসের মাসিক সভায় তিনি কিছু প্রস্তাব করেছিলেন যা বাস্তবায়ন করার জন্য সভাকে অনুরোধ করেন। এছাড়া করোনা পরিস্থিতি স্বাভাবিক থাকলে নভেম্বর/২১ মাসে এসএসসি পরীক্ষা হতে পারে বলেও সভাকে জানান। অন্যথায় এসাইনমেন্ট অনুযায়ী পরীক্ষার ফলাফল দেওয়া হবে বলেও জানান। তাই সকল শিক্ষার্থীরা যাতে সময় মতো এসাইনমেন্ট জমা দেয় এ বিষয়ে তাদের যার যার জায়গা থেকে জানানোর জন্য অনুরোধ করা হয়। তাছাড়া উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার অফিস ও উপজেলা শিক্ষা অফিসের কার্যক্রম পরিচালনার জন্য ০৩ টি ল্যাপটপ ক্রয় বাবদ ২,০০,০০০/- টাকা উপজেলা পরিষদ থেকে বরাদ্দ প্রদান করার জন্য সভায় অনুরোধ করেন। | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রস্তাব মোতাবেক ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>০৩ টি ল্যাপটপ ক্রয় বাবদ ২,০০,০০০/- টাকা উপজেলা পরিষদ হতে ব্যয় করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার/ মাধ্যমিক শিক্ষা অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | (খ) উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর বৃহত্তর ঢাকা জেলার গুরুত্বপূর্ন অবকাঠামো উন্নয়ন (৩য়) পর্যায়) আওতায় ঢাকা-চট্টগ্রাম ন্যাশনাল হাইওয়ে পূর্ব/দক্ষিণ দাউদকান্দি ব্রীজের পূর্বের টেক ভায়া চরচাষী প্রাথমিক বিদ্যালয় চেঃ ৮৫০ মিঃ আরসিসি বক্স কালভার্ট নির্মাণ কাজের দরপত্র আহবান করা হয়। তৎপ্রেক্ষিতে ঠিকাদার নিবার্চন করে কার্যাদেশ প্রদান করা হয়। প্রকল্পস্থলে লে - আউট প্রদান কালে দেখা যায় যে, কে বা কারা ইতিপূর্বে উক্ত খালটি বালি দিয়ে ভরাট করেছেন। ফলে উক্ত খালের উপর ব্রীজ নির্মাণ করা সম্ভব না। ব্রীজটি বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্তের জন্য উপজেলা পরিষদের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থাপন করা হলো। এছাড়া তিনি আরো বলেন যে, বাউশিয়া এন্ড এইচ গুয়াগাছিয়া ইউপি ভায়া বাউশিয়া ইউপি রাস্তায় (চেঃ ৩০০০-৪৫০০ মিঃ) রাস্তার বিভিন্ন অংশ ভেঙ্গে যায়। তাই উক্ত রাস্তাটি জরুরী মেরামত করা প্রয়োজন। জরুরী মেরামত না করিলে যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে। তাই উক্ত রাস্তাটি জরুরী মেরামতের জন্য ০২ লক্ষ টাকার প্রয়োজন বলে সভায় প্রস্তাব করেন। এছাড়া তিনি আরো বলেন যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ১৫৭ তারিখ ০৮-০৩-২০২১ খ্রি. মোতাবেক গজারিয়া উপজেলা পরিষদের ২ টি নন-গেজেটেড কোয়াটার উপজেলা রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ অনুসরণ করে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করেন। সে মতে অত্র উপজেলার এই অর্থ বৎসরে ০১ টি নন-গেজেটেড কোয়াটার নির্মাণের ব্যবস্থা গ্রহণে সভায় অনুরোধ করেন। | সরকারের নীতিমালার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাউশিয়া এন্ড এইচ গুয়াগাছিয়া ইউপি ভায়া বাউশিয়া ইউপি রাস্তায় (চেঃ ৩০০০-৪৫০০ মিঃ) রাস্তার বিভিন্ন অংশ ভেঙ্গে যাওয়া রাস্তাটি মেরামত করার প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>ভেঙ্গে ফেলা কোয়ার্টারের জায়গায় গেজেটেড অফিসার কোয়ার্টার নির্মানের টেন্ডারসহ যাবতীয় কার্যক্রমসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। | উপজেলা প্রকৌ |
| | (গ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় বলেন যে, ২০২০-২০২১ অর্থ বৎসরের টিআর/কাবিখা ও ৪০ দিনের কর্মসূচীর কাজ সুষ্ঠু ভাবে সম্পন্ন হয়েছে। মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের ১৫০ গৃহের মধ্যে ৯৭ টি গৃহের কাজ সম্পন্ন হয়েছে। বাকী ৫৩ টির মধ্যে ৪৬ টির কাজ চলমান রয়েছে। নির্মাণ সামগ্রীর দাম বৃদ্ধি পাওয়ায় ১ম পর্যায়ের ৫৩ টি এবং ২য় পর্যায়ের ২০ টি ঘরের জন্য আনুমানিক প্রতি ঘরে ৩০-৩৫ হাজার টাকা অতিরিক্ত টাকার প্রয়োজন। ১ম পর্যায়ে ১৫০ টি ও ২য় পর্যায়ে ২০ টি গৃহ স্থায়ীত্ব ও টেকসই করণের লক্ষে নিম্নলিখিত ব্যবস্থা জরুরীভাবে গ্রহনের প্রয়োজন। (১) ঘরের ভিটির চারিদিকে বালু যাতে সরে না যায় সেই জন্য সিসি বা এপ্রোন করা প্রয়োজন। (২) ঘরের চারিদিকের ওয়ালে যাতে কোন ফাটল না ধরে সেই জন্য নীচে ১০ ফুট গাথুনীর ড্রপ ওয়াল করা যেতে পারে। (৩) উপকার ভোগীদের পয়ঃনিষ্কাশনের পানি এবং বৃষ্টির পানি সরানো জন্য আরসিসি ড্রেইন নির্মাণ করা প্রয়োজন। (৪) ঘুর্ণিঝড় বা কাল বৈশাখী ঝড় হতে ঘরের চালা রক্ষা করার জন্য | মন্ত্রিপরিষদের সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য বলা হয়। এবং প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার প্রস্তাব মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা প্রকৌশলী/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | |
|---|---|---|
| জিআই তার বা ক্লাম দ্বারা টানা দেওয়ার ব্যবস্থা করা প্রয়োজন। (৫) ঘরের দরজা জানালাসহ সর্ম্পূন ঘরের রং করা প্রয়োজন। | | |
| (ঘ) উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, ১৫ নং বড় ভাটেরচর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনের আঙ্গিনা পানিতে তলিয়ে গেছে। তাই বিদ্যালয়ের আঙ্গিনায় মাটি ভরাট করা প্রয়োজন। বিদ্যালয়ের গাইড ওয়াল ভেঙ্গে গেছে তা মেরামত করা প্রয়োজন। রাস্তার পাশে বিদ্যালয়ের জমি বৃষ্টির পানির স্রোতে মাটি সড়ে গিয়ে বড় গর্তে পরিনত হয়েছে যা ভরাট করা প্রয়োজন। এছাড়া তিনি আরো বলেন যে, ৮২ নং দড়িকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়টি ফুলদী নদীর প্রবল স্রোতে বিদ্যালয়ের সামনের খাল দিয়ে তীব্রবেগে স্রোত প্রবাহিত হয়ে বিদ্যালয়টি ধ্বসে পরার হুমকীর সম্ভাবনা রয়েছে। স্থানীয় প্রশাসনের সহযোগীতায় তাৎক্ষনিকভাবে বেড়া,খুটি,মাটি ভরাট করে প্রতিরোধের ব্যবস্থা নেয়া হয়। বিদ্যালয়টি আধাপাকা দুই কক্ষবিশিষ্ট। বিদ্যালয়টির মোট জমির পরিমান ৩৩ শতাংশ। | প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| (ঙ) উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা (ভারপ্রাপ্ত) সভায় জানান যে, হাসপাতালে অভ্যন্তরীন রাস্তা সংস্কার করার জন্য অনুরোধ করেন। অতি বৃষ্টি হলে হাসপাতালের ভিতরে জলাবদ্ধতা সৃষ্টি হয়ে থাকে। তাই জলাবদ্ধতার নিরসনের জন্য ড্রেণ নির্মাণ করার অনুরোধ করেন। ডেলিভারী রুমটির বৃদ্ধির জন্য বরাদ্দ প্রদানের অনুরোধ করেন। এ প্রসঙ্গে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন যে, যে সকল স্বাস্থ্য কেন্দ্রে পর্যাপ্ত ঔষধ ব্যবস্থা নেই তা উপজেলা পরিষদ হতে দেওয়া হবে । ডেলিভারী রুমের জন্য জাইকা থেকে বরাদ্দ দেওয়া হবে। তাছাড় ভ্যাকসিন নেওয়ার জন্য একটি সেড নির্মাণের জন্য ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। হাইফ্লো ব্যাপারে আলোচনা চলছে। ড্রেনের ব্যাপারে উপজেলা প্রকৌশলী কে দেখার জন্য অনুরোধ করা হয় । সিভিল সার্জন অফিস থেকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্রের সংস্কারের জন্য যে বরাদ্দ দেওয়া হয় তা পরিষদ কে অবগত করলে ভালো হয় বলে সভাকে জানান। | উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার প্রস্তাব মোতাবেক উল্লেখিত প্রকল্পগুলো উপজেলা পরিষদের ২০২১- ২০২২ অর্থ বৎসরের বাজেটে অর্ন্তভূক্ত করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| (চ) উপজেলা সহকারী প্রোগ্রামার সভায় বলেন যে, তার অফিসের পাশের ওয়াশরুম ব্যবহার যোগ্য অবস্থায় নেই। ওয়াশরুম আবর্জনায় ভর্তি ও কিছু ফিটিংস নষ্ট হয়ে গেছে। যার ফলে তার ও তার অফিসে আগত দর্শনার্থীদের বিব্রতকর অবস্থার সম্মুখীন হতে হয়। এ পরিস্থিতিতে জরুরী ভিত্তিতে ওয়াশরুম মেরামত করার জন্য অনুরোধ করেন। তাছাড়া তিনি আরো বলেন যে, তার অফিসের মধ্যেই সার্ভার রুম হওয়ায় অফিস ও সার্ভার রুমের মধ্যে পাটিশন করা জরুরী হয়ে পড়েছে। সেই সাথে সার্ভার রুমে এয়ার কন্ডিশনিং ব্যবস্থা থাকার | অতি দ্রুত ওয়াশরুম সংস্কারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী কে অনুরোধ করা হয়।<br><br>সার্ভার রুম আলাদকরনের লক্ষ্যে থাই গ্লাসের পার্টিশন ব্যবহার করার মাধ্যমে সহকারী প্রোগ্রামারের রুম থেকে সার্ভার পৃথক করা সেই সাথে সার্ভার রুমের পরিবেশ ঠান্ডা রাখার উদ্দেশ্যে ০২ টন ক্ষমতাসম্পন্ন এয়ার কন্ডিশনিং সিস্টেম | উপজেলা প্রকৌশলী |

| | | |
|---|---|---|
| কথা থাকলেও অত্র উপজেলায় তা নেই। একারনে বহু দামি ইলেক্ট্রনিক-যন্ত্রপাতি অতিরিক্ত গরমের কারণে নষ্ট হওয়ার ঝুকিতে আছে। তাই অতিসত্ত্বর সার্ভার রুম আলাদাকরনে পার্টিশন করার মতামত দেন। | স্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | |
| (ছ) জনাব রুপা আক্তার, ইউডিএফ সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ে উপজেলা দক্ষতা মূল্যায়নের ভিত্তিতে ৫০ লক্ষ টাকা বরাদ্দ অনুমোদন হয়। যার ১০ লক্ষ টাকা সক্ষমতা বৃদ্ধি উপ-প্রকল্প ও ৪০ লক্ষ টাকা অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প। প্রকল্প যাচাই বাছাই কমিটির ভিত্তিতে ২০২০-২০২১ অর্থ বছরে ১০ লক্ষ টাকার ৬ টি উপ-প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত নেওয়া হয়। ২০২০-২০২১ অর্থ বছরে ৪০ লক্ষ টাকার অবকাঠামোর জন্য নিম্নোক্ত ০৩ টি উপ-প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত নেওয়া হয়। (ক) গজারিয়া ইউনিয়নে কমিউনিটি ক্লিনিক, ডেলিভারী রুম/ লেবার রুম মেরামত ও নির্মাণ (খ) গজারিয়া স্বাস্থ্য কমপ্লেক্স এ লেবার রুম সম্প্রসারণ (গ) গজারিয়া উপজেলা বিভিন্ন গুরুত্বপূর্ন স্থানে সোলার স্থাপন। যা উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এছাড়া তিনি আরো বলেন যে, ২০১৮-২০১৯ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অত্র উপজেলার অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের জন্য ভ্যাট ও আয়কর ব্যতীত ৪০,০০,০০০/- টাকা বরাদ্দ প্রদান করা হয় এবং পত্রের আলোকে উন্মুক্ত পদ্ধতিতে ০৩ টি প্যাকেজে দরপত্র আহবান করা হয়। বিধি মোতাবেক দরপত্র মূল্যায়ন কার্যক্রম সমাপ্ত করে (১১,২৫,২০৪ +১২,২৮,৭৭৬+৬,৭৪,১৯৯)= ৩০,২৮,১৭৯/- টাকার কার্যাদেশ প্রদান করা হয়। এমতাবস্থায় অব্যয়িত থাকবে (৪০,০০,০০০ - ৩০,২৮,১৭৯ ) = ৯,৭১,৮২১/- টাকা। কার্যাদেশ প্রদানকৃত ৩০,২৮,১৭৯/- টাকার মধ্যে দুইটি প্যাকেজের ভ্যাট ও আয়কর ব্যতিত (১১,২৫,২০৪ +৬,৭৪,১৯৯) = ১৭,৯৯,৪০৩ /- টাকা বিল প্রদান করা হয়। অবশিষ্ট প্যাকেজটির কাজ বাস্তবায়ন করা সম্ভব না হওয়ায় কার্যাদেশ বাতিল পূর্বক (১২,২৮,৭৭৬+ ৯,৭১,৮২১) = ২২,০০,৫৯৭/- টাকার নতুন করে গজারিয়া উপজেলার গুরুত্বপূর্ন সড়কে, জনবহুলস্থান, কবরস্থান ও হাট বাজারে সোলার স্থাপন অবকাঠামো উপ-প্রকল্প প্রস্তাবনা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প নিকট অনুমিতর জন্য পত্র প্রেরণে প্রস্তাব করেন। | ২০২০-২০২১ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৫ম পর্যায়ে ১০ লক্ষ টাকায় ০৬ টি উপ-প্রকল্প এবং ৪০ লক্ষ টাকায় ০৩ টি অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।<br><br>২০১৮-২০১৯ অর্থ বছরের অব্যয়িত অবশিষ্ট ২২,০০,৫৯৭/- টাকার নতুন করে গজারিয়া উপজেলার গুরুত্বপূর্ন সড়কে, জনবহুলস্থান, কবরস্থান ও হাট বাজারে সোলার স্থাপন অবকাঠামো উপ-প্রকল্প প্রস্তাবনা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প নিকট অনুমিতর জন্য সভায় সর্বসম্মতিক্রমে পরবর্তী প্রয়োনীয় ব্যবস্থা গ্রহণের অনুমতি প্রদান করা হলো।<br><br>প্রস্তাব প্রেরণের জন্য অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা ইউডিএফ |
| (জ) মোহাম্মদ আরেফিন, সভাপতি, গজারিয়া প্রেসক্লাব সভায় জানান যে, যে সকল বিষয়ে আলোচনা হয়েছে তা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন। মুন্সীগঞ্জ টু গজারিয়ায় মেঘনা নদীতে চলাচলরত ফেরীটি বন্ধে হয়ে | প্রেসক্লাবের সভাপতির প্রস্তাব বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার সিদ্ধান্ত গ্রহন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | যাওয়ায় তা পূনরায় চালুর লক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জন্য অনুরোধ করেন। এছাড়া জনগুরুত্ব জায়গা গুলোতে সিসি ক্যামেরার আওতায় আনার প্রস্তাব করেন। ফলে চুরি,ছিনতাই ও সন্ত্রাসী কার্যকলাপের মতো অপরাধ অনেকটাই কমে যাবে বলে তিনি মনে করেন। | | |
| | (ঝ) জনাব এস এম সালাউদ্দিন মাষ্টার, চেয়ারম্যান, টেংগারচর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, আগামী ১৪ তারিখ থেকে স্ব স্ব ইউনিয়নে টিকা দেওয়া হবে। এ পর্যন্ত তার ইউনিয়নে যে পরিমান নিবন্ধন করা হয়েছে সবাই যদি এক সাথে টিকা গ্রহনের জন্য আসে তাহলে জনসমুদ্রে পরিনত হবে বলে সভাকে জানান। তাই তিনি তার টিকা কেন্দ্রগুলোতে পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য পুলিশ মোতায়েন করার অনুরোধ করেন। তাছাড়া টেংগারচর মোল্লা বাড়ী হতে প্রাথমিক বিদ্যালয় পর্যন্ত ড্রেন নির্মাণ করার কথা কিন্তু সেটা এখনো করা হচ্ছে না বলে জানান। এছাড়াও তিনি নিম্নে আরো ০৩ টি প্রকল্প বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। যা নিম্নরূপ ঃ (ক) ২,০০,০০০/- ব্যয়ে টেংগারচর মাঠের পশ্চিম পাশের গর্ত ভরাট। (খ) ২,০০,০০০/- টাকা ব্যয়ে টেংগারচর খেলার মাঠে মাটি ভরাট। (গ) ২,০০,০০০/- টাকা ব্যয়ে বড় ভাটেরচর শরিফ এর বাড়ী হতে নদীর পাড়ের ঘাটলা পর্যন্ত রাস্তার দুই পাশে প্যালাসাইডিং। | টেংগারচর ইউপি চেয়ারম্যানের প্রস্তাব মোতাবেক ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| | (ঞ) (১) জনাব মোঃ মনিরুল হক মিঠু, চেয়ারম্যান, হোসেন্দী ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, প্রানি সম্পদ অফিসের ট্রেনিং থেকে কেনো তার ইউনিয়ন বাদ পড়ছে তা জানতে চান। তাছাড়া ১৪ তারিখ থেকে টিকা কার্যক্রমের ব্যাপারে টেংগারচর ইউনিয়নের চেয়ারম্যানের সাথে একমত পোষন করেন। সিটি গ্রুপ এর লোকজন ভ্যাকসিন এর জন্য নিবন্ধন করে টিকা নিচ্ছে। অথচ কোম্পানিগুলো সবই নিয়ে যাচ্ছে কিন্তু তারা কিছুই দিয়ে যাচ্ছে না বলেও জানান। আশ্রান্দীতে নদী ভাঙ্গনে খুবই খারাপ অবস্থা। তাই এ ব্যাপারে বরাদ্দ প্রদান করে কিছু করার জন্য অনুরোধ করেন। আবুল খায়ের গ্রুপের কারনে নদীর স্রোত পরিবর্তন হয়েছে। ফলে নদী ভাঙ্গন হচ্ছে বলে জানান। এছাড়া হোসেন্দী হতে জামালদী পর্যন্ত অতি বৃষ্টির কারনে রাস্তার অনেকাংশ ধ্বসে পড়েছে। যা তার ইউপি হতে মেরামত করা সম্ভব নয়। এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন।<br>(২) তাছাড়া তিনি আরো বলেন যে,গজারিয়া উপজেলা সাব-রেজিষ্ট্রি অফিসে স্থানীয় এলাকার চাদাবাজ সন্ত্রাসীদের কার্যকলাপে এলাকাবাসীসহ সেবা গ্রহীতারা সবাই অতিষ্ঠ হয়ে পড়েছে। জমি ক্রেতা ও বিক্রেতা উভয় অর্থ নিয়ে রেজিষ্ট্রি অফিসে যাতায়াত ঝুকিপূর্ন মনে করে থাকে। কেননা চাদাবাজ ও সন্ত্রাসীদের দ্বারাই রেজিষ্ট্রি অফিস সব সময় পরিবেষ্ঠিত থাকে। তাছাড়া এ সমস্ত সন্ত্রাসীদের মনোনীত দলিল লেখক ব্যতিত অন্য | (১) হোসেন্দী ইউনিয়নের চেয়ারম্যান সাহেবের প্রস্তাব মোতাবেক সিটি গ্রুপ ও আবুল খায়ের গ্রুপের বিষয়ে সম্মিলিত ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br>(২) সাব রেজিষ্ট্রি অফিস স্থানান্তরের প্রস্তাব গ্রহণ ও অনুমোদন করা হয় এবং একই বিষয়ে গত ১২/১১/২০২০ ইং তারিখের সিদ্ধান্ত জনস্বার্থে অবিলম্বে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | কোন মানুষ মারা গেলে যে তার জানাজা দিবে এমন কোন জায়গা বা খালি মাঠ নেই। তবে পশ্চিমা পাড়া একটা সরকারি জায়গা রয়েছে সেখানে বালু ভরাট করে দিলে মানুষ মারা গেলে জানাজার জন্য একটি মাঠ হবে বলেও সভাকে জানান। ভবেরচরে একটি মাত্র এতিমখানা রয়েছে। সেই এতিমখানাটি ২ তলা করে দেওয়ার জন্য অনুরোধ করেন। এছাড়াও তিনি নিম্নে আরো ০৬ টি প্রকল্প বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন। যা নিম্নরূপ ঃ (ক) নয়াকান্দি বাসস্ট্যান্ড হইতে আশ্রয়ন পর্যন্ত রাস্তা সংস্কার। (খ) ভিটিকান্দি বাসস্ট্যান্ড হইতে আলীপুরা হয়ে পৈক্ষারপাড় মোড় পর্যন্ত রাস্তা সংস্কার। (গ) ভবেরচর ঈদগাহ হইতে বাজার পর্যন্ত রাস্তা সংস্কার। (ঘ) লক্ষীপুর পানির ট্যাংকি হইতে দক্ষিনপাড়া কাচা রাস্তা পর্যন্ত রাস্তা সংস্কার। (ঙ) আলীপুরা- আনারপুরা রাস্তার আলীপুরা ব্রীজের এপ্রোচের উভয় পাশে মাটি ভরাট। (চ) ভবেরচর বাগানবাড়ী হইতে পৈক্ষারপাড় ব্রীজ পর্যন্ত রাস্তা সংস্কার। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এ করোনা রোগীদের টিকা দেওয়ার জন্য মাননীয় সংসদ সদস্য একটি ঘর তৈরি করে দিয়েছেন সে জন্য এমপি মহোদয়কে ধন্যবাদ জানান। তবে হাসপাতালে টিকা নিতে আসা রোগীরা যেখানে লাইন দাড়িয়ে টিকা নিয়ে থাকে সেখানে একটি সেট নির্মাণ করে দেওয়ার জন্য অনুরোধ করেন। ভবেরচর খেলার মাঠটি বৃষ্টি হলে পানিতে তলিয়ে যায়। তাই মাঠটিতে বালু ভরাট করে দেওয়ার জন্য অনুরোধ করেন। তাছাড়া বহুল প্রত্যাশিত বাউশিয়া হতে ভবেরচর এর রাস্তাটির বাকী অংশের কাজের জন্য মাননীয় সংসদ সদস্য বরাদ্দ দিয়েছেন সে জন্য ধন্যবাদ জানান। সর্বশেষে অতি বৃষ্টির কারণে তার ইউনিয়নে যে সকল রাস্তাগুলো ক্ষতিগ্রস্থ হয়েছে তার সংস্কার করে দেওয়ার জন্য অনুরোধ করেন। সর্বশেষ তিনি আরো বলেন যে, তার ইউনিয়নের অর্ন্তগত শ্রীনগর মৌজার রেজিস্ট্রি খরচ অনেক বেশি হওয়ায় অত্র এলাকার লোকজন জায়গা জমি বিক্রি করতে পারছেনা বলেও সভাকে জানান। তাই রেজিস্ট্রি খরচ কমানো যায় কিনা সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। এছাড়া ও ভবেরচর ইউপি চেয়ারম্যান, শ্রীনগর মৌজা এবং গজারিয়া ইউপি চেয়ারম্যান নয়ানগর এর বাড়ী/ছাড়া বাড়ী ও নাল জমির সরকারী মূল্য পুনঃনির্ধারনের প্রস্তাব করেন। ২০১৫ সালের পর এ পর্যন্ত জমির মূল্য নির্ধারিত হয়নি। | | |
| | (ড) জনাব মোঃ আবু তালেব ভূইয়া, চেয়ারম্যান, গজারিয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, অতি বৃষ্টির কারনে তার ইউনিয়নে ক্ষতিগ্রস্থ নিম্নোক্ত রাস্তা গুলো সংস্কার ও নির্মাণ করার জন্য অনুরোধ করেন। (ক) নয়ানগর ও গুচ্ছগ্রাম দক্ষিন মাথা হতে বালুরচর ব্রীজের গোড়া পর্যন্ত রাস্তা প্যারাসাইটিং ও রড ঢালাই। (খ) সাহেব বাড়ী হতে চৌগাড়ার কালভার্ট নির্মাণ। (গ) প্রধানেরচর মতি মার্কেট হতে প্রধানেরচর কবরস্থান পর্যন্ত | প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | পাকা রাস্তা প্যারাসাইটিং ও মেরামত। (ঘ) দক্ষিন ফুলদী সঃপ্রাঃবিঃ পাকা রাস্তা হতে মতি মার্কেট পর্যন্ত রাস্তা প্যারাসাইটিং ও মেরামত। (ঙ) সোনালী মার্কেট ব্রীজ হতে গোসাইরচর মাদ্রাসা পর্যন্ত রাস্তা প্যারাসাইটিং ও মেরামত। এছাড়া তিনি আরো বলেন যে, তার ইউনিয়নের নয়ানগর মৌজায় বাড়ী/ছাড়া বাড়ী মূল্য প্রতি শতাংশ ৭৭,৪৭৯/- টাকা পক্ষান্তরে নাল জমির মূল্য প্রতি শতাংশে ৭৮,৫২০/- টাকা। বর্তমান বসত বাড়ীর মূল্য প্রতি শতাংশ ২,০০,০০০/- টাকা। পক্ষান্তরে সীমানা মৌজা গজারিয়ার বাড়ী মূল্য ৯৭,৮৮৩/- টাকা আছে প্রতি শতাংশ এবং নাল প্রতি শতাংশ ১,০৫,৫৩৫/- টাকা। উল্লেখিত মৌজার নাল ও বাড়ী/ছাড়া বাড়ীর মূল্য পুনঃ নিধারণ করা প্রয়োজন। উল্লেখ্য যে, ২০১৫ সালের পর জায়গা জমির মূল্য-পুনঃ মূল্যায়ন করা হয়নি বলেও সভাকে জানান। | | |
| | (ঢ) উপজেলা সাব-রেজিষ্ট্রার কর্মকর্তা সভায় জানান যে, ভবেরচর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের উত্থাপিত শ্রীনগর মৌজার রেজিষ্ট্রি খরচ কমানোর ব্যাপারে তিনি বলেন যে, এ ব্যাপারে একটি সুযোগ রয়েছে। বাজার মূল্য কমিটির সদস্য সচিব বরাবর আবেদন করতে হবে। আর তিনি হলেন উপজেলা বাজারমূল্য কমিটির সদস্য সচিব। পরবর্তীতে এ ব্যাপারে ব্যবস্থা গ্রহণের জন্য সে আবেদনটি জেলা রেজিষ্টার বরাবর প্রেরণ করা হবে। তিনি তার উর্দ্ধতন কর্তৃপক্ষের মাধ্যমে ব্যবস্থা গ্রহন করলে প্রতিকার পাওয়া সম্ভব বলে সভাকে জানান। | উপজেলা সাব-রেজিষ্ট্রার মহোদয়কে প্রস্তাবের আলোকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা সাব-রেজিষ্ট্রার কর্মকর্তা |
| | (ণ) জনাব খাদিজা আক্তার, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগষ্টে তার পরিবারের নিহত সকল শহীদদের প্রতি সমবেদনা ও শ্রদ্ধা জানান। জাইকা থেকে যে সকল ট্রেনিং দেওয়া হবে প্রানি সম্পদ বিভাগের মাধ্যমে সেখানে যাতে নারী উন্নয়নের জন্য কিছু ট্রেনিং এর ব্যবস্থা করা হয় সে জন্য অনুরোধ করেন। বৃষ্টি হলে কলেজ রোডে প্রচুর পরিমানে পানি জমে থাকে। এতে করে জনগনের চলাচলে খুবই দুর্ভোগ পোহাতে হয়। তাই তিনি কলেজ রোডে ড্রেনের ব্যবস্থা করে দেওয়ার জন্য অনুরোধ করেন। শ্রীনগর মৌজার ব্যাপারে ভবেরচর চেয়ারম্যান এর সাথে একমত পোষন করেন। এছাড়া তিনি আরো বলেন যে, ভবেরচর বাজারে কবুতর সেট মেরামত করার প্রস্তাব করেন। তাছাড়া পৈক্ষারপাড় উত্তর পাড়া মেইন রাস্তা হইতে আজম মজুমদারের বাড়ি পর্যন্ত ইট সলিং করার জন্য প্রস্তাব করেন। | প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| | (ত) জনাব মোঃ আতাউর রহমান নেকী, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগষ্টে তার পরিবারের নিহত সকল শহীদদের প্রতি সমবেদনা ও শ্রদ্ধা জানান। এডিপির কিছু কাজ টেন্ডার হয়েছে। দীর্ঘ দিন পরও কাজ করা হচ্ছে না। ওয়ার্ক অর্ডার হয়েছে | ভাইস চেয়ারম্যানের প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | কিনা তাও জানেনা। তাই এ বিষয়ে উপজেলা প্রকৌশলী দেখার জন্য অনুরোধ করেন। অতি বৃষ্টির কারনে ক্ষতিগ্রস্থ রাস্তা গুলো দ্রুত মেরামত করার জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি আরো বলেন যে, উপজেলা পরিষদে দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য ০২ (দুই) ভাইস চেয়ারম্যানদ্বয়ের জন্য ০২ টি কম্পিউটার এবং উপজেলা পরিষদের জন্য ০১ টি কম্পিউটার, কালার প্রিন্টার সহ ০২ টি স্কেনার মেশিন ক্রয় করার জন্য প্রস্তাব করেন। | | |
| | (থ) জনাব জিয়াউল ইসলাম চৌধুরী, উপজেলা নির্বাহী অফিসার, সভায় জানান যে, করোনকালীন সময়ে কারো যদি সাহায্য প্রয়োজন পড়ে তাহলে ৩৩৩ তে ফোন করলে তার বাড়িতে সাহায্য পৌছে দেওয়া হবে । এ ব্যাপারে বরাদ্দ এসেছে বলে সভাকে অবগত করেন। গজারিয়ায় করোনা পরিস্থিতি সম্পর্কে সকলকে সর্তক থাকার জন্য অনুরোধ করেন। করোনার পাশাপাশি ডেঙ্গু ও চিকুন গুনিয়া বাড়ছে। তাই তিনি ফগার মেশিন ক্রয় করা প্রয়োজন বলে সভাকে জানান। উপজেলা পরিষদ মিলনায়তনের জন্য সাউন্ড সিস্টেম ও লাইটিং এর ব্যবস্থা করার জন্য প্রস্তাব করেন। উপজেলা পরিষদ চত্বরের স্মৃতিসৌধ, বঙ্গবন্ধু মোরাল ও সৌন্দর্য্যবর্ধন ও হাইওয়ে থেকে উপজেলার প্রবেশদ্বারে তোরন নির্মাণ করার পূর্বের সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করেন। | উপজেলা নির্বাহী অফিসারের প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী |
| | (দ) জনাব আমিরুল ইসলাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, শোকের মাস আগষ্ট মাস। সামনে ১৫ আগষ্ট। এ মাস কে ঘিরে পরিষদের পক্ষ থেকে মাসব্যাপী কর্মসূচী পালন করে আসছে। এছাড়া অফিসার ইনচার্জ গজারিয়া থানার বাবার মৃত্যুতে সভায় শোক প্রস্তাব করেন। জনগুরুত্বপূর্ন জায়গা গুলোতে সিসি ক্যামেরা স্থাপনের জন্য ইতোমধ্যে বাজেট করা হয়েছে। যা পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে বলে সভাকে জানান। জাইকার ৫০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে যা আলোচনা করে এ সভায় বাস্তবায়ন অনুমোদন করে নেওয়ার জন্য বলা হয়। বাজেট সভার জন্য একটি বিশেষ সভা আহবান করার অনুরোধ করেন। গুয়াগাছিয়া ব্রীজের খাল ভরাট প্রসঙ্গে তিনি জানান যে সরকারের নীতিমালার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। ডেঙ্গু মোকাবেলায় ফগার মেশিন ক্রয়ের সিদ্ধান্ত বিগত সভায় নেওয়া আছে। যা দ্রুত বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন। ফুলদী নদীর পশ্চিম পার্শ্বে পুরাতন উপজেলা পরিষদের সামনে ভাঙ্গাচুড়া ঝরাজীর্ন অনেক গুলো গাড়ি পড়ে আছে। যা অপসারন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হয়। অন্যথায় এসব ঝরাজীর্ণ গাড়ির মধ্যে জমে থাকা পানি থেকে ডেঙ্গুর বিস্তার বৃদ্ধি পাবে বলে সভাকে অবগত করেন। হোসেন্দী ইউনিয়নের আশ্রান্দী গ্রামের নদী ভাঙ্গনের জন্য | উপজেলা চেয়ারম্যানের প্রস্তাব মোতাবেক কার্যকর ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা/উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | আবুল খায়ের গ্রুপ দায়ী। কারন তারা বালু ভরাট করে নদীর স্রোত গ্রামের দিকে ঠেলে দেওয়ার ফলে এই নদী ভাঙ্গন। জমির মূল্য নির্ধারন রেজিস্ট্রির ফি বিষয়টি সাবরেজিষ্ট্রার মহোদয় কে দেখার জন্য অনুরোধ করা হয়। বিগত সভাগুলোতে যে সকল সিদ্ধান্ত নেওয়া হয়েছে তা বাস্তবয়ন করার জন্য সংশ্লিষ্টদের কে অনুরোধ করা হয়। মুক্তিযোদ্ধাদের জন্য চেয়ার ক্রয় করা হয়েছে। কিন্তু তাদের জন্য টেবিল এবং সাউন্ড সিস্টেম ক্রয় করা দরকার। যা এ সভায় অনুমোদন.এর জন্য প্রস্তাব করেন। গজারিয়াতে কি পরিমান খাস জমি সম্পত্তি রয়েছে তা পূর্বে অনেক বার জানার জন্য চেষ্টা করা হলেও জানানো হচ্ছে না। এ ছাড়া কাদের নামে কতটুকু খাস জমি বরাদ্দ দেওয়া হয়েছে এ বিষয়ে জানানোর জন্য অনুরোধ করেন। উপজেলা পরিষদের ভিতরে এলোমেলো ভাবে পড়ে থাকা গাছ গুলোর ব্যাপারে যে সিদ্ধান্ত নেওয়া হবে তা পরিষদের অনুমোদন করে দেওয়া হবে। সর্বশেষে কারো কোন বক্তব্য যদি বাদ পড়ে থাকে তাহলে লিখিত আকারে বক্তব্য দেওয়ার জন্য অনুরোধ করেন। | | |
| | (ধ) জনাব অ্যাডভোকেট মৃণাল কান্দি দাস, মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ- ০৩ সভায় জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ আগষ্টে তার পরিবারের নিহত সকল শহীদদের প্রতি সমবেদনা ও শ্রদ্ধা জানান। বাংলাদেশের মানুষ প্রতি বছর এ দিবসটি ব্যাপক পরিসরে পালন করে থাকেন। কিন্তু বর্তমানে করোনা সারা দেশকে কেঁ হাপিয়ে তুলেছে। পৃথিবীতে এ পর্যন্ত করোনায় মৃত্যু বরণ করেছে প্রায় ৩৪ লক্ষ মানুষ। আক্রান্ত হয়েছে প্রায় ২০ কোটি মানুষ। যার ফলে এবছর সীমিত আকারে জাতীয় শোক দিবসটি পালন করার জন্য বলা হয়েছে। এ দিবসটি কে কেন্দ্র করে গরিব মানুষের মাঝে খাদ্য শস্য বিতরণ করার জন্য বলা হয়েছে। এছাড়া কোভিড-১৯ এ আক্রান্তদের পাশে দাড়ানোর জন্য বলা হয়েছে। অতি বৃষ্টিও বর্ষা মৌসুমের কারনে অনেক রাস্তা ক্ষতিগ্রস্থ হচ্ছে। স্থানীয় সরকার বিভাগ হতে কিছু বরাদ্দ দিয়েছে। যা দিয়ে ক্ষতিগ্রস্থ রাস্তাগুলো সরেজমিনে পরিদর্শন করে সঠিকভাবে মেরামত করার জন্য সংশ্লিষ্টদের কে অনুরোধ করেন। যে টাকা বরাদ্দ পাওয়া যাবে তা ভালোভাবে ব্যবহার করার জন্য অনুরোধ করেন। মেঘনা ব্রীজ থেকে হোসেন্দী হয়ে গ্রী এঙ্গেল হয়ে কাজীপুরা পর্যন্ত নদীর চারদিক দিয়ে ওয়াকওয়ে করার যে স্বপ্ন নিয়ে এগিয়ে যাচ্ছিলাম তা ভেস্তে গেছে। খাল বন্ধ হয়ে গেছে। প্রাথমিক বিদ্যালয় বন্ধ হয়ে যাচ্ছে। সব কিছুকে গ্রাস করে ফেলছে। এ বিষয় গুলো ভূমি কমিশন যদি একটি কমিটি করে দেখতো তাহলে বুঝতে পারতো বলে সভাকে জানান। ভবেরচর শ্রীনগর মৌজার বিষয়টি দেখার জন্য সাবরেজিষ্ট্রার কে অনুরোধ করেন। এক শ্রেনীর দালালের কারনে আজ এ অবস্থা। অপরিকল্পিতভাবে কোন নিয়মনীতি না মেনে ড্রেজার | মাননীয় সংসদ সদস্য মহোদয়ের প্রস্তাব মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গ্রহন করা হয়। | উপজেলা চেয়ারম্যান/উপজেলা নির্বাহী অফিসার |

| | | | |
|---|---|---|---|
| | মেশিন লাগিয়ে জমি ভরাট করে নিচ্ছে। ফলে ফসলী জমি গুলো দখল করে নিচ্ছে। যে স্কুলের কাজগুলো ঠিকাদার করছে না তাদের ওয়ার্ক অর্ডার বাতিল করে দেওয়ার জন্য বলেন। হাসপাতালের যে কোন প্রকারের বিষয়ে সিভিল সার্জনের মাধ্যমে অধিদপ্তরে জানাতে বলেন। প্রয়োজনে তিনি কথা বলবেন বলে ও জানান। হাসপাতালের ভিতরে সোলার প্যানেল না দিয়ে বিদ্যুৎ এর ব্যবস্থা করার জন্য বলা হয়। তাছাড়া অভ্যন্তরীন সংস্কার কাজের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানোর জন্য বলা হয়। যদি ইমারজেন্সি কোন বিষয় থাকে তা উপজেলা পরিষদের কিংবা আমার মাধ্যমে করে দেওয়া হবে বলে জানান। আশ্রয়ণ প্রকল্প এর বিষয়গুলো ভালো ভাবে মনিটরিং করা হলে সমস্যা সমাধান হয়ে যাবে বলে তিনি মনে করেন। টাকার কারনে যদি নকশা পরিতর্বন করেন তাহলে পরবর্তিতে আপনাদের কে সমস্যায় পড়তে হতে পারে। তাই প্রকল্প বাস্তবায়নে টাকার প্রয়োজন হলে পিডি কে জানানোর জন্য অনুরোধ করেন। কেননা তারা অতিরিক্ত টাকা বরাদ্দ দিচ্ছে বলেও সভাকে অবগত করেন। গজারিয়াতে করোনা পরিস্থিতি সম্পর্কে তিনি বলেন যে, করোনা পরীক্ষা অনুযায়ী আক্রান্তে হার ৫০% পাওয়া যায় তাহলে খুবই খারাপ অবস্থা বিরাজ করছে। যা এখনই ব্যবস্থা নিতে হবে। এ বিষয়ে মনিটরিং বাড়াতে হবে। শিল্প প্রতিষ্ঠান গুলো যাতে করোনার ব্যাপারে গুরুত্ব দেয় সে ব্যাপারে জানাতে হবে। পরিবেশ যাতে রক্ষা করতে পারি সে বিষয়ে সকলকে একসাথে কাজ করার অনুরোধ করেন। বাজেট সভায় আমন্ত্রণ জানালে তিনি থাকবেন বলে জানান। তবে বাজেট সভায় যাতে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ ভাইস চেয়ারম্যান কে নিয়ে প্রকল্প চিহ্নিত করে আগে বাড়ায় সে জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি পরিষদের সিদ্ধান্ত সমূহ অবিলম্বে বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের অনুরোধ করেন। | | |
| ০৩ | <u>আলোচ্যসূচী- ০৪ ঃ কোভিড-১৯ ও টিকা কার্যক্রম সর্ম্পকে আলোচনা ঃ</u> কোভিড-১৯ টিকা কার্যক্রম চলমান রয়েছে। ২৫ উর্ধ্বে বয়স্ক ব্যক্তি যারা নিবন্ধন করছেন তাদের কে এসএমএস দেওয়ার পর টিকা দেওয়া হচ্ছে। গনটিকা কার্যক্রম আপাতত বন্ধ রয়েছে। | - | - |
| ০৪ | <u>আলোচ্যসূচী-০৫ ঃ প্রাকৃতিক দূর্যোগে ক্ষতিগ্রস্থ রাস্তা/কালভার্ট মেরামত ও নদী ভাঙ্গন সংক্রান্ত আলোচনা</u> ঃ অতি বৃষ্টির কারনে ক্ষতিগ্রস্থ রাস্তা গুলো সংস্কার ও নদী ভাঙ্গন রোধকল্পে প্রকল্প নিয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী কে অনুরোধ করা হয়। | - | - |
| | বিবিধ ঃ উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ১০/১১/২০১৪ খ্রি. তারিখে ৪৬.১৪৬.০১৮.০০.০০.০৫৪.২০১৩-১০৬৭ নং স্মারকে জারীকৃত উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকার ৫ (নং) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা | ২০২১-২০২২ অর্থবছরে উপজেলা পরিষদের রাজস্ব তথবিল হতে মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের সর্বমোট ৪,০০,০০০/- টাকা শিক্ষা বৃত্তি প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা। |

| | | | |
|---|---|---|---|
| | পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের সভার সিদ্ধান্তক্রমে গরীব ও মেধাবী ছাত্র/ছাত্রীদের জনপ্রতি ২-৪ সর্বসাকুল্যে এক অর্থবছরে সর্বোচ্চ ৪,০০০/- টাকা করে বৃত্তি প্রদান করা যাবে। এক্ষেত্রে এক অর্থবছরে সর্বোচ্চ ৪,০০,০০০/- টাকার বেশী ব্যয় করা যাবে না। তিনি উপজেলা মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের এককালীন বৃত্তি প্রদানের জন্য অনুরোধ করেন। সভাপতি প্রস্তাবের বিষয়ে সদস্যদের মতামত চাইলে সকল সদস্যই প্রস্তাবটি সমর্থন করেন। | গৃহীত হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের সমন্বয়ে কমিটি গঠনপূর্বক বৃত্তি পাওয়ার যোগ্য শিক্ষার্থীদের তালিকা প্রস্তুতকরত; বৃত্তি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(আমিরুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গজারিয়া, মুন্সীগঞ্জ।

স্মারক নং- উঃজেঃপঃচেঃগজাঃ/২১-২৮ তারিখ ঃ১২/০৮/২০২১ খ্রি.।

অনুলিপি (জ্ঞাতার্থে/কার্যার্থে):

১। মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ-০৩, বাংলাদেশ জাতীয় সংসদ।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৬। উপজেলা ..............................(সকল) কর্মকর্তা, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৭। চেয়ারম্যান, ............................(সকল) ইউপি, গজারিয়া, মুন্সীগঞ্জ।
৮। অফিস কপি।

১২/০৮/২১
(জিয়াউল ইসলাম চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার
গজারিয়া, মুন্সীগঞ্জ।